

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়  
(শিল্প মন্ত্রণালয়)  
শিল্প ভবন এনেক্স বিল্ডিং  
৯১, মতিঝিল বা/এ, ঢাকা- ১০০০।  
www.boiler.gov.bd

নম্বর: ৩৬.১১.০০০০.০০১.০৬.০২৩.১৭.৮৫৪৬

তারিখ: ২২/০১/২০১৮ ইং

বয়লার পরিচারক পরীক্ষক পর্ষদ  
বিজ্ঞপ্তি

দ্বিতীয় শ্রেণীর বয়লার পরিচারক যোগ্যতা সার্টিফিকেট পরীক্ষায় অংশ গ্রহণের জন্য ইচ্ছুক প্রার্থীদেরকে জানানো যাচ্ছে যে, পরবর্তী পরীক্ষায় অংশগ্রহণের জন্য নিম্নলিখিত তারিখ ও সময় অনুযায়ী উপ-প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়, ২২৯, কাজীহাটা, রাজপাড়া, রাজশাহী হতে আবেদন ফরম বিতরণ ও গ্রহণ করা হবে। উল্লেখ্য যে, এ বিজ্ঞপ্তির প্রেক্ষিতে প্রাপ্ত যোগ্য প্রার্থীদের পরীক্ষা দিনাজপুর জেলায় অনুষ্ঠিত হবে।

কার্যক্রম	তারিখ	সময়
ফরম বিতরণ	২৮/০১/২০১৮খ্রি. হতে ১৮/০২/২০১৮খ্রি. পর্যন্ত	অফিস চলাকালীন সময়
ফরম গ্রহণ	২৯/০১/২০১৮খ্রি. হতে ১৯/০২/২০১৮খ্রি. পর্যন্ত	অফিস চলাকালীন সময়

দ্বিতীয় শ্রেণীর প্রার্থীর জন্য আবেদনের শর্তাবলী:

- ২৮/০১/২০১৮ ইং তারিখে প্রার্থীর বয়স ন্যূনতম ২১ (একুশ) বৎসর হতে হবে।
- ২৮/০১/২০১৮ ইং তারিখে প্রার্থীর ন্যূনতম তিন বছরের সহকারী বয়লার অপারেটর হিসাবে চাকুরীর অভিজ্ঞতা থাকতে হবে।

জ্ঞাতব্য: প্রার্থীকে ফরমের সহিত নিম্নলিখিত কাগজপত্র দাখিল করিতে হবে।

- বয়লারের রেজিস্ট্রেশন নম্বর উল্লেখপূর্বক জানুয়ারী / ফেব্রুয়ারী- ২০১৮ইং মাসে ইস্যুকৃত অভিজ্ঞতা সনদপত্রের অনুলিপি।
- বয়স প্রমাণের জন্য এসএসসি পাসের সনদপত্র (যদি থাকে)/ জাতীয় পরিচয় পত্রের ফটো কপি।
- প্রার্থীর নাগরিকত্ব ও চরিত্রগত সনদপত্রের ফটো কপি।
- প্রার্থীর সাম্প্রতিক কালের তোলা পাসপোর্ট সাইজের ৪(চার) কপি ছবি।
- ৫০০/- (পাঁচশত) টাকা ব্যাংকে জমাকৃত চালানের মূল কপি।  
(চালানের কোড নং- ১-৩৯৩১-০০০০-২০৩১)।

(মোঃ শরাফত আলী)

বয়লার পরিদর্শক

ও

সদস্য সচিব

বয়লার পরিচারক পরীক্ষক পর্ষদ

বিশেষ দৃষ্টব্য :

- প্রধান বয়লার পরিদর্শকের কার্যালয়ের ওয়েব সাইট হতে আবেদন ফরম ডাউনলোড করেও আবেদন করা যাবে।
- ভুল তথ্য সম্বলিত অথবা অসম্পূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে।
- আবেদন পত্রের তৃতীয় অংশে একজন গেজেটেড কর্মকর্তা/অনারারী ম্যাজিস্ট্রেটের সম্মুখে আবেদনকারীকে স্ব-হস্তে স্বাক্ষর করতে হবে যা উক্ত কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করতে হবে।
- আবেদন পত্রের চতুর্থ অংশে প্রতিপাদনকারীর অনুস্বাক্ষর অংশে প্রার্থী যার নিকট থেকে অভিজ্ঞতা সনদ গ্রহণ করবেন তার অনুস্বাক্ষর নিতে হবে।